# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 29 May, 2025

নোয়াখালীর হাতিয়াতে দাবিকৃত চাঁদা না পেয়ে এক মো.নবীর উদ্দিন (৬০) নামে এক বৃদ্ধকে কুপিয়ে জখম করার অভিযোগ পাওয়া গেছে।

বুধবার (২৮ মে) রাত সাড়ে ১০টার দিকে উপজেলার হরণী ইউনিয়নের হাতিয়া বাজারে এ ঘটনা ঘটে। আহত বৃদ্ধ ২৫০ শয্যা বিশিষ্ট নোয়াখালী জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

আহত নবীর উপজেলার হরণী ইউনিয়নের ৮নম্বর ওয়ার্ডের পূর্ব রসূলপুর গ্রামের নবীর মিস্ত্রি বাড়ির মৃত মো.হোসেনের ছেলে। অভিযুক্ত ফারুক খলিফা (৪৫) একই ইউনিয়নের ৯নম্বর ওয়ার্ডের পশ্চিম রসূলপুর গ্রামের মো.জাবের খলিফার ছেলে।

হামলার শিকার নবীর উদ্দিনের ছেলে মো.আবু ছায়েদ করে বলেন, উপজেলার হাতিয়া বাজারে পবিত্র ঈদুল আজহা উপলক্ষে বড় পশুর হাট বসে।হাটে গরু রাখার জায়গা না হলে স্থানীয়রা তাদের জায়গা বা দোকানের সামনে বাঁশ পুঁতে দিয়ে গরু বিক্রির ব্যবস্থা করে।পশুর হাটের বাহিরে কারো জায়গা বা দোকানের সামনে গরু বিক্রি হলে তারা কিছু টাকা নেয়।

মো.আবু ছায়েদ অভিযোগ করে আরো বলেন, আমার বাবা হাতিয়া বাজারের পশুর হাটের দক্ষিণ পাশে আমাদের দোকানের সামনের জায়গায় বাঁশ পুঁতে গরু বিক্রির ব্যবস্থা করে।গত মঙ্গলবার দুপুরের দিকে ওই জায়গায় এসে বিএনপির রাজনীতির সাথে সম্পৃক্ত বলে চাঁদা দাবি করে ফারুক খলিফা।আমার বাবা তাকে জানায় এখানে কি তোমার কোনো পুঁজি আছে,

তোমাকে কেন টাকা দেব।তখন তিনি আমার বাবাকে দেখে নেওয়ার হুমকি দিয়ে চলে যায়। এই ঘটনার জের ধরে বৃহস্পতিবার রাত ১১টার দিকে হাতিয়া বাজারের হাতিয়া টাওয়ারের সামনে ফারুক ও তার সাঙ্গসাঙ্গরা আমার বাবাকে ডেকে নিয়ে এলোপাতাড়ি ছুরিকাঘাত করে চলে যায়।বাবার ডান হাতের প্রায় সব গুলো রগ কেটে বিচ্ছিন্ন মত হয়ে গেছে।

অভিযোগের বিষয়ে জানতে একাধিকবার ফারুক খলিফার মুঠোফোনে কল করা হলেও সংযোগ পাওয়া যায়নি।তাই এ বিষয়ে তার কোনো বক্তব্য সংযুক্ত করা যায়নি।

হাতিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ কে এম আজমল হুদা বলেন, এ বিষয়ে কেউ অভিযোগ করেনি।লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

কোরবানি চাঁদা কুপিয়ে জখম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:08

URL: https://www.timestodaybd.com/public/chittagong/8477493118